

# নিয়োগ বিজ্ঞপ্তি



ক্ষুদ্র ঋণ কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে দেশের দারিদ্র দূরীকরণে সততা, আন্তরিকতা ও নির্ভর সাথে ভূমিকা রাখতে হলে বিজ্ঞ-এ যোগদান করুন। বিজ্ঞ জাতীয় পর্যায়ের একটি বেসরকারি, অরাজনৈতিক ও অলাভজনক সংস্থা। এ দেশের দারিদ্র বিমোচনে দীর্ঘদিন যাবৎ পিকেএসএফ সহ বিভিন্ন অর্থ লগ্নী প্রতিষ্ঠানের সহযোগিতায় ক্ষুদ্রঋণ, কৃষি উন্নয়ন, স্বাস্থ্য শিক্ষা, অপ্রাতিষ্ঠানিক শিক্ষা সহ বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকান্ড নিরলসভাবে সুনামের সঙ্গে কাজ করে আসছে। বিজ্ঞ-এর ক্ষুদ্র ঋণ কার্যক্রমে নিম্নোক্ত পদ সমূহে জনবল নিয়োগ করা হবে।

## ১. পদের নাম : এরিয়া ম্যানেজার - (২৫ জন)।

**শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** ন্যূনতম স্নাতকোত্তর। PKSf-এর কোন সহযোগী/অন্য কোন ঋণ প্রদানকারী সংস্থায় ঋণ কর্মসূচীতে ইউনিট ম্যানেজার/ব্রাঞ্চ ম্যানেজার পদে ৫ (পাঁচ) বছরের অথবা এরিয়া ম্যানেজার/ সমপর্যায়ের পদে ২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। MS Word এবং MS Excel প্রোগ্রাম জানতে হবে। মোটর সাইকেল চালনা আবশ্যিক।

**বয়স:** ৩০-১০-২০১৮ তারিখে সর্বোচ্চ ৪০ বছর।

**বেতন:** বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা এবং অন্যান্য ভাতাসহ মোট বেতন মাসিক স্থান ভেদে ৩৭,৬৮৯ টাকা হতে ৪৫,২৯৯ টাকা। তিন মাস শিক্ষণবিশকালীন সময়ে মাসিক স্থিরকৃত বেতন ৩০,১০০ টাকা প্রদান করা হবে। যোগদানের সময় ফেরৎযোগ্য জামানত ৩৭,৫০০ টাকা জমা দিতে হবে।

**উক্ত পদের সংক্ষিপ্ত দায়িত্বাবলী:** ৪-৫টি ব্রাঞ্চ অফিসের বাৎসরিক পরিকল্পনা প্রণয়ণ ও বাস্তবায়ণ এবং অধিনস্ত অফিস সমূহের সামগ্রিক কার্যক্রম সুপারভিশন ও মনিটরিং এর সার্বিক দায়িত্ব পালন।

## ২. পদের নাম : শাখা ব্যবস্থাপক - ৭০ (জন)।

**শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** ন্যূনতম স্নাতক। ঋণ কর্মসূচীতে PKSf-এর সহযোগী/অন্য কোন ঋণ প্রদানকারী সংস্থায় শাখা ব্যবস্থাপক পদে কমপক্ষে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা। MS Word এবং MS Excel প্রোগ্রাম জানতে হবে। মোটর সাইকেল চালনা আবশ্যিক।

**বয়স:** ৩০-১০-২০১৮ তারিখে সর্বোচ্চ ৩৮ বছর।

**বেতন:** বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা এবং অন্যান্য ভাতাসহ মোট বেতন মাসিক স্থান ভেদে ৩১,৬২৫ হতে ৩৮,০০৭ টাকা। শিক্ষণবিশকালীন সময়ে (১ম তিন মাস) মাসিক স্থিরকৃত বেতন ২৫,৩০০ টাকা প্রদান করা হবে। যোগদানের সময় ফেরৎযোগ্য জামানত ৩১,৫০০ টাকা জমা দিতে হবে।

**উক্ত পদের সংক্ষিপ্ত দায়িত্বাবলী:** শাখা অফিসের বাৎসরিক পরিকল্পনা প্রণয়ণ ও বাস্তবায়ন। দৈনন্দিন বৈশিষ্টপূর্ণ সদস্য ও ঋণী নির্বাচন, সঞ্চয় সংগ্রহ, ঋণ বিতরণ ও আদায়, হিসাব রক্ষণাবেক্ষণসহ অফিসের সামগ্রিক দায়িত্ব পালন।

## ৩. পদের নাম ও সংখ্যা : কমপ্লায়েন্স অফিসার - ৩০ জন।

**শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** ন্যূনতম স্নাতকোত্তর পাশ। মাঠপর্যায়ে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কমপক্ষে ০৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার/সফটওয়্যার পরিচালনায় পারদর্শী হতে হবে।

**বেতন ও ভাতা:** বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা এবং অন্যান্য ভাতাসহ মোট মাসিক বেতন স্থান ভেদে ৩১,৬২৫/- হতে ৩৮,০০৭/- টাকা। শিক্ষণবিশকালীন সময়ে (প্রথম তিন মাস) মাসিক স্থিরকৃত বেতন ২৫,৩০০/- টাকা প্রদান করা হবে। যোগদানের সময় ফেরৎযোগ্য জামানত ৩১,৫০০/- টাকা জমা দিতে হবে।

**বয়স:** ৩০/১০/২০১৮ তারিখে ৩২ হতে ৩৮ বছর।

**উক্ত পদের সংক্ষিপ্ত দায়িত্বাবলী:** ১. সংস্থার নীতিমালা/নির্দেশনা অনুসরণে শাখাপর্যায়ে সঠিক কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে কিনা তা যাচাই করা। ২. সংস্থার অভ্যন্তরীণ বা বহিঃসেটরের কোন পরিদর্শনকারীর/নিরীক্ষাকারীর পরিদর্শন কিংবা নিরীক্ষা পরবর্তী প্রাপ্ত পর্যবেক্ষনের বিপরীতে শাখা প্রয়োজনীয় Compliance নিশ্চিত করছে কিনা তা যাচাই করা।

**অন্যান্য সুবিধা:** সংস্থার চাকুরী নীতিমালা অনুযায়ী নিয়োগপ্রাপ্ত কর্মী নিয়মিত বেতনসহ উৎসববোনাস, প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুয়িটি, PRL, মোবাইল ভাতা, বীমা, বার্ষিক বেতন বৃদ্ধি, মোটর সাইকেল ও ল্যাপটপ ঋণ ইত্যাদি সুবিধা বিদ্যমান।

**শর্তাবলী:** ১. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য পরীক্ষার দিন ২০০ টাকা ফি জমা দিতে হবে। ২. নির্বাচিতদেরকে বাংলাদেশের যে কোন স্থানে কাজ করার মানসিকতা থাকতে হবে।

আগ্রহী প্রার্থীদের আবেদনপত্রসহ পূর্ণ জীবনবৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতার সনদ ও ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধনের ফটোকপি, যোগাযোগের ফোন নম্বরসহ ২৪-১০-২০১৮ তারিখের মধ্যে নিম্ন ঠিকানায় দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে। কর্মী চাহিদার ভিত্তিতে পর্যায়ক্রমে নির্বাচনী পরীক্ষার মাধ্যমে নিয়োগ দেয়া হবে।

বিদ্র: সরাসরি অফিসে উপস্থিত হয়ে রশিদের মাধ্যমে অর্থ লেনদেন করবেন। অন্য কোন মাধ্যমে অর্থ লেনদেন করলে সংস্থা দায়ী থাকবে না।

## পরিচালক (প্রশিক্ষণ ও মানবসম্পদ)

বাংলাদেশ এন্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)

প্রধান কার্যালয়, বাড়ী নং-১২/এ, রোড নং-৩০, গুলশান-১ ঢাকা-১২১২।

Website: [www.becbd.org](http://www.becbd.org)